# শুক্রবার পদত্যাগ করতে পারেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন



রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ছবি: সংগৃহীত

স্বাস্থ্যগত কারণ দেখিয়ে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন শুক্রবার (২৪ জুলাই) পদত্যাগ করতে পারেন বলে জানা গেছে। বৃহস্পতিবার (২৩ জুলাই) বঙ্গভবনের একটি সূত্র এ তথ্য জানিয়েছে।

সূত্রের তথ্য অনুযায়ী, রাষ্ট্রপতিকে পদত্যাগের বিষয়ে অবহিত করা হয়েছে। তবে এ নিয়ে এখনো বঙ্গভবন বা সরকারের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হয়নি।

বঙ্গভবনের একাধিক কর্মকর্তার বরাতে জানা গেছে, শুক্রবার দুপুরের মধ্যে রাষ্ট্রপতির পদত্যাগপত্র জাতীয় সংসদের স্পিকারের কাছে পাঠানো হতে পারে।

এদিকে, নতুন রাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া সম্পন্ন হতে সময় লাগলে জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব নিতে পারেন বলে আলোচনা রয়েছে। রাষ্ট্রপতির পদত্যাগের সম্ভাবনা নিয়ে সরকারের ভেতরে বড় ধরনের কোনো অনিশ্চয়তা নেই বলেও সূত্রের দাবি।

বিএনপির একটি সূত্রও জানিয়েছে, রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে পদত্যাগের বিষয়ে দলের শীর্ষ পর্যায় থেকে ইতোমধ্যে বার্তা দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ২০২৩ সালের ১৩ ফেব্রুয়ারি মো. সাহাবুদ্দিন দেশের ২২তম রাষ্ট্রপতি নির্বাচিত হন। একই বছরের ২৪ এপ্রিল তিনি দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব পালনকালে তিনি সিঙ্গাপুরের ন্যাশনাল ইউনিভার্সিটি হাসপাতালে ওপেন হার্ট সার্জারি করান। পরবর্তী সময়ে যুক্তরাজ্যে স্বাস্থ্য পরীক্ষা চলাকালে হৃদযন্ত্রে ব্লক ধরা পড়লে তার এনজিওপ্লাস্টি করে স্টেন্ট বসানো হয়।

২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার গণআন্দোলনের মুখে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছাড়েন। এর পর দেশের রাজনৈতিক ও সাংবিধানিক সংকট মোকাবিলায় রাষ্ট্রপতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। রাজনৈতিক দল, নাগরিক সমাজ ও ছাত্র প্রতিনিধিদের সঙ্গে আলোচনার পর অন্তর্বর্তী সরকার গঠনের প্রক্রিয়ায় তিনি নেতৃত্ব দেন এবং নতুন সরকারের শপথ অনুষ্ঠান সম্পন্ন করেন।